

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৯০.১৯.৪৪৪

তারিখ:

২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ আগস্ট ২০২১ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মো: গুলজার হাসান (১৭১৩৫১০৯০১২), প্রভাষক (ইংরেজি), সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা, College Education Development Project (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি)- এ মাস্টার ট্রেইনার প্রশিক্ষণার্থী হিসেবে সুযোগ পাওয়ার জন্য চাকরি স্থায়ীকরণের শর্ত থাকা সত্ত্বেও চাকরি অস্থায়ী অবস্থায় তথ্য গোপন করে চাকরি স্থায়ী দেখিয়ে মাস্টার ট্রেইনার কোর্স-৫ এর জন্য প্রশিক্ষণার্থী হিসেবে নির্বাচিত হয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেন এবং চাকরি অস্থায়ীকরণের তথ্য গোপনের অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) “অসদাচরণ” এর অপরাধে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং সে মোতাবেক গত ২৭/০৮/২০২০ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে জবাব চাওয়া হলে তিনি সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হন। পরবর্তীকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক জনাব মো: গুলজার হাসান-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(ক) অনুযায়ী লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সেহেতু, জনাব মো: গুলজার হাসান (১৭১৩৫১০৯০১২), প্রভাষক (ইংরেজি), সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা- এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে তাঁকে একই বিধিমালার ৪(২)(১)(ক) অনুযায়ী “তিরস্কার” লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-

তারিখ: ০৯/০৮/২০২১

(মোঃ মাহবুব হোসেন)

সচিব

২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ আগস্ট ২০২১ খ্রি.

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৯০.১৯.৪৪৪/১(৬)

তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: গুলজার হাসান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। জনাব মো: গুলজার হাসান (১৭১৩৫১০৯০১২), প্রভাষক (ইংরেজি), সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা।

(মোহাম্মদ আবু নাসের বেগ)  
উপসচিব

ফোন: ৯৫৫৩২৭৬